

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ২৪, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিজ্ঞপ্তি

তারিখ, ০৯ কার্তিক, ১৪১৪ বাং/ ২৪ অক্টোবর, ২০০৭ খ্রিঃ

নং ২৯ (মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০৭ কার্তিক, ১৪১৪ বাং/ ২২ অক্টোবর, ২০০৭ খ্রিঃ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হলো।

অধ্যাদেশ নং ২৯, ২০০৭

আদালত সংস্কার বাস্তবায়ন (সহায়ক বিধান) আইন, ২০০৪ সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে আদালত সংস্কার বাস্তবায়ন (সহায়ক বিধান) আইন, ২০০৪ (২০০৪ সনের ৩ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা প্রতীয়মান হইয়াছে যে, আত্ম ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩ (১) অনুচ্ছেদের প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই অধ্যাদেশ আদালত সংস্কার বাস্তবায়ন (সহায়ক বিধান) (সংশোধন) অধ্যাদেশ, ২০০৭ নামে অভিহিত হইবে।

২। ২০০৪ সনের ৩ নং আইনের ধারা ১ এর সংশোধন।—আদালত সংস্কার বাস্তবায়ন (সহায়ক বিধান) আইন, ২০০৪ (২০০৪ সনের ৩ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১ এর উপ-ধারা (২) এর “প্রকল্পের প্রথম পর্যায়ভুক্ত পাঁচটি” শব্দগুলি বিলুপ্ত হইবে।

৩। ২০০৪ সনের ৩ নং আইনের ধারা ২ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ২ এর দফা (৪) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৪) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(৪) “প্রকল্প জেলা আদালত” অর্থ প্রকল্পের—

- (ক) প্রথম পর্যায়ের পাঁচটি জেলা আদালত, যথাঃ—খুলনা, গাজীপুর, ঢাকা, কুমিল্লা ও রংপুর;
- (খ) দ্বিতীয় পর্যায়ের পাঁচটি জেলা আদালত, যথাঃ—রাজশাহী, চট্টগ্রাম, সিলেট, বরিশাল ও ময়মনসিংহ; এবং
- (গ) পরবর্তী যে কোন পর্যায়ে সরকার কর্তৃক, সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা, নির্ধারিত অন্য কোন জেলা আদালত”।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

তারিখঃ ৭-০৭-১৪১৪ বঙ্গাব্দ
২২-১০-২০০৭ খ্রিস্টাব্দ।

কাজী হাবিবুল আউয়াল

ভারপ্রাপ্ত সচিব।